অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/21/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ এবং NY ফরোয়ার্ড কর্মসূচির অংশ হিসেবে মিড হাডসন অঞ্চলে 21টি রূপান্তরমূলক প্রকল্প ঘোষণা করলেন

পোর্ট জার্ভিস, স্লিপি হলো, কর্নওয়াল এবং কর্নওয়াল-অন-হাডসন-এ 21টি প্রকল্প ঘোষণা করা হয়েছে

প্রকল্পসমূহের রেন্ডারিং উপলভ্য এখানে

গভর্নর ক্যাথি হোকল আজকে মোট দুটি অর্থনৈতিক বিকাশ কর্মসূচির অংশ হিসেবে মিড হাডসন অঞ্চলের জন্য 21টি রূপান্তরমূলক প্রকল্প ঘোষণা করেছেন: ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ (Downtown Revitalization Initiative, DRI) এবং NY ফরোয়ার্ড।।10 মিলিয়ন মার্কিন ডলার DRI অনুদানের রাউন্ড 6 বিজয়ী, সিটি অফ পোর্ট জার্ভিস এর জন্য মোট নয়টি প্রকল্প ঘোষণা করা হয়েছিল; 4.5 মিলিয়ন মার্কিন ডলার NY ফরোয়ার্ড। অনুদানের রাউন্ড 1 বিজয়ী, টাউন অফ কর্নওয়াল এবং ভিলেজ অফ কর্নওয়াল-অন-হাডসনের জন্য চারটি প্রকল্প ঘোষণা করা হয়েছিল এবং 4.5 মিলিয়ন মার্কিন ডালার NY ফরোয়ার্ড। অনুদানের রাউন্ড 1 বিজয়ী ভিলেজ অফ স্লিপি হলোর জন্য পাঁচটি প্রকল্প ঘোষণা করা হয়েছিল।

"নিউ ইয়র্কবাসীদের কয়েক প্রজন্ম ঐতিহাসিক এবং প্রাণবন্ত মিড-হাডসন ডাউনটাউনগুলো অভিজ্ঞতা করেছেন এবং আমরা তাদের ভবিষ্যৎ সুরক্ষিত করার জন্য পদক্ষেপ নিচ্ছি," **বলেছেন গভর্নর হোকল।** "এই মুখ্য বিবিয়োগগুলো ব্যবসা এবং স্থানীয় কমিউনিটিগুলোর জন্য অর্থনৈতিক পুনরুজ্জীবন চালনা করবে এবং এমন একটি জায়গা তৈরি করবে যেখানে পরিবারবর্গ উন্নতি লাভ করতে পারে।"

ডাউনটাউন রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভ (DRI)
সিটি অফ পোর্ট জার্ভিসকে 2023 সালে ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের ষষ্ঠ রাউন্ডে মিড হাডসন অঞ্চলের বিজয়ী হিসেবে ঘোষণা করা হয়েছে। নির্বাচিত নয়টি প্রকল্প, বিভিন্ন ধরনের পরিবহন ব্যবস্থা, হাঁটার যোগ্য, অর্থনৈতিকভাবে বৈচিত্র্যময় এবং জলবায়ুর দীর্ঘস্থায়ীত্ব যুক্ত একটি বহু-প্রজন্মীয় এবং প্রযুক্তিগত ভাবে উদ্ভাবনী ডাউনটাউন তৈরি করে প্রাকৃতিক দিলাওয়ারা নদী এবং পার্শ্ববর্তী পর্বতমালা এবং ডাউনটাউনের ঐতিহাসিক আকর্ষণের সৌন্দর্য এবং সুযোগগুলো গড়ে তোলার চেষ্টা করবে।

অতীতের বিনিয়োগের সাথে মিলিত হয়ে নতুন বিনিয়োগটি ঐতিহাসিক ডাউনটাউন ভবনের পুনর্বাসন এবং অভিযোজিত পুনর্ব্যবহার এবং মিশ্র আয়ের আবাসিক সুযোগকে অন্তর্ভুক্ত করে এমন ইনফিল ডেভেলপমেন্টের জন্য একটি বলীয়ান পরিবেশ তৈরি করবে।

DRI বিনিয়োগগুলি হলো মিড-হাডসন অঞ্চলে অর্থনীতিকে পুনরুজ্জীবিত করা এবং আরো সুযোগ সৃষ্টির জন্য গভর্নরের চলমান প্রয়াসের অংশ। DRI এর নেতৃত্ব দেয় ডিপার্টমেন্ট অফ স্টেট (Department of State, DOS), তারা প্রত্যেক অংশগ্রহণকারী সম্প্রদায়কে ডাউনটাউন এলাকার পুনরুজ্জীবনের জন্য একটি অনন্য ভিশন সম্পন্ন বিশেষ প্রকল্পসমূহকে সনাক্ত করার জন্য একটি কৌশলী বিনিয়োগ পরিকল্পনা (Strategic Investment Plan) গঠনের সময় কারিগরি সহায়তা প্রদান করে।

DRI এর মাধ্যমে অর্থায়িত হওয়ার জন্য বিশেষ প্রকল্পসমূহ কৌশলী বিনিয়োগ পরিকল্পনার অন্তর্গত একাধিক লক্ষ্য ও কৌশলকে সমর্থন করবে, যেমন শহরের স্থানের অনন্য চেতনাকে একটি আন্তরিক ও খাঁটি অভিজ্ঞতার মাধ্যমে বহুগুণ বৃদ্ধি করা যা ভবিষ্যতের গঠনমূলক বিকাশের জন্য অনুঘটক হিসেবে কাজ করবে এবং এমন বিকাশ সম্ভব করবে যা অন্তর্ভুক্তিকর হবে এবং একই সাথে এর বলীয়ান ঐতিহ্য ও জাতিগত বৈচিত্র্যকে বরণ করে নিবে।

সিটি অফ পোর্ট জার্ভিস এখন DRI এর প্রথম সাত রাউন্ডের মিড হাডসন অঞ্চলের বিজয়ী মিডলটাউন, কিংস্টোন, নিউ রচিলি, পিকস্কিল, ওসিনিং, হ্যাভারস্ট্র এবং হোয়াইট প্লেনস সম্প্রদায়ের সাথে যোগ দিল।

পুনরুজ্জীবন প্রক্রিয়া অগ্রসর হওয়া এবং গতিবেগ বৃদ্ধির সাথে সাথে, DRI এর মাধ্যমে এইসব প্রকল্পে 9.7 মিলিয়ন মার্কিন ডলার স্টেট বিনিয়োগ অন্যান্য আরো সরকারি ও বেসরকারি বিনিয়োগকে কাজে লাগবে।

<u>এই নয়টি DRI প্রকল্পে, মোট 9.7 মিলিয়ন মার্কিন ডলারএর মধ্যে রয়েছে:</u>

অরিতিক্ত বিনোদন এবং অবসর যাপনের সুযোগ-সুবিধা যোগ করে রিভারসাইড পার্ককে পুনরুজ্জীবিতকরণ: 2,657,000 মার্কিন ডলার
প্রকল্পটি, একটি "পোর্ট জার্ভিসে স্বাগতম" প্রতীক অন্তর্ভুক্ত করতে জলের টাওয়ারটি পুনঃনির্মাণ করে, একটি নতুন প্যাভিলিয়ন, সবকিছুকে-অন্তর্ভুক্ত করে একটি প্লেগ্রাউন্ড, একটি মঞ্চ এবং অ্যাম্পিথিয়েটার, পিকেলবল কোর্ট, একটি বাস্কেটবল কোর্ট, একটি স্কেতপার্ক এবং ছোটো-গলফ কোর্স গড়ে তুলে রিভারসাইড পার্কের উন্নতির প্রস্তাব দেয়।

103 জার্সি অ্যাভিনিউতে একটি মিশ্র-ব্যবহারের আবাসিক এবং বাণিজ্যিক বিল্ডিং স্থাপন: 2,000,000 মার্কিন ডলার
এই প্রকল্পটি দীর্ঘস্থায়ীত্বের বৈশিষ্ট্য এবং সাশ্রয়ী আবাসিক ইউনিটগুলোকে অন্তর্ভুক্ত করতে জার্সি অ্যাভিনিউতে একটি অব্যবহৃত পার্কিং লটে একটি মিশ্র-ব্যবহারের আবাসিক এবং বাণিজ্যিক বিল্ডিং নির্মাণ করবে।

29 ফ্রন্ট স্ট্রিটে একটি মিশ্র-ব্যবহারের আবাসিক এবং বাণিজ্যিক বিল্ডিং স্থাপন: 1,500,000 মার্কিন ডলার
প্রকল্পটি ডাউনটাউন পোর্ট জার্ভিসের বৈশিষ্ট্যের সাথে সামঞ্জস্যরক্ষাকারী একটি শৈলীতে একটি নতুন মিশ্র-ব্যবহারের অ্যাপার্টমেন্ট বিলদিং নির্মাণ করবে যার একতলা হবে স্টোরফ্রন্ট।

46 ফ্রন্ট স্টিটের উপরের তলগুলোকে বাণিজ্যিক এবং আবাসিক জায়গাতে সংস্কার করবে: 707,000 মার্কিন ডলার
প্রকল্পটিতে রয়েছে 46 ফ্রন্ট স্ট্রিটের খালি তিন ও চারতলাকে বাণিজ্যিক ব্যবহার এবং অ্যাপার্টমেন্টগুলোতে সংস্কার করা। উন্নয়নগুলো ছাদ আপগ্রেড এবং একটি ফায়ার এসকেপকেও অন্তর্ভুক্ত করবে।

22 জার্সি অ্যাভিনিউকে রিটেল, স্টুডিও এবং ইভেন্টের জায়গা একটি বহু-ব্যবহারের সৃজনশীল জায়গায় পরিণত করা: 522,000 মার্কিন ডলার
সম্পূর্ণ বিল্ডিং এর জন্য অগ্নি সুরক্ষার উন্নয়নগুলো সহ কো-ওয়ার্কিং স্পেস, স্টুডিও এবং ইভেন্ট, গ্যালারি, রিটেল এবং ক্যাফের জায়গা দিতে প্রকল্পটি দ্বিতীয় এবং তৃতীয় তলের সংস্কারকে অন্তর্ভুক্ত করবে।

নতুন বাণিজ্যিক এবং আবাসিক স্থান তৈরি করে, ঐতিহাসিক ক্রাউস শপ বিল্ডিং পুনরুদ্ধার: 300,000 মার্কিন ডলার
এই প্রকল্পটি তৃতীয় এবং চতুর্থ তলে অ্যাপার্টমেন্টগুলোকে এবং দ্বিতীয় তলে বাণিজ্যিক জায়গা অন্তর্ভুক্ত করতে একটি খালি বিল্ডিং সংস্কার করার প্রস্তাব দেয়।

জার্সি অ্যাভিনিউ বরাবর স্ট্রিটস্কেপ বর্ধিত করা: 1,064,000 মার্কিন ডলার
এই প্রকল্পটি জার্সি অ্যাভিনিউ বরাবর স্ট্রিটস্কেপ বর্ধিত করবে, যা অ্যাক্সেসযোগ্যতা এবং যানবাহন সুশৃঙ্খল ভাবে চলার উন্নয়ন ঘটাবে, পথচারী এবং সাইকেল আরোহীদের জন্য এবং নতুন স্ট্রিটস্কেপ সুযোগ-সুবিধার অতিরিক্ত বন্দোবস্ত রাখবে।

ডাউনটাউন পোর্ট জার্ভিসে সম্মুখভাগ, উপরের তলগুলো এবং জায়গা উন্নত করার জন্য একটি ছোট প্রকল্প তহবিল তৈরি করা: 600,000 মার্কিন ডলার
সম্মুখভাগ উন্নয়ন, বিল্ডিং সংস্কার উন্নয়ন থেকে বাণিজ্যিক বা মিশ্র ব্যবহারের জায়গার উন্নয়ন, উপরের তলগুলোর উন্নয়ন এবং স্থায়ী সরঞ্জাম অধিগ্রহণের মতো ছোটো কয়েকটি ডাউনটাউন প্রকল্পগুলোর জন্য একটি ছোটো প্রকল্প তহবিল গড়ে তোলা।

ডাউনটাউন পোর্ট জার্ভিসকে মার্কেটিং, ব্র্যান্ডিং এবং সর্বজনীন এলাকা উন্নয়নের একটি স্থান নির্মাণ কর্মসূচির মাধ্যমে সক্রিয় করে তোলা: 350,000 মার্কিন ডলার
এই প্রকল্পটি মার্কেটিং, ব্র্যান্ডিং, ডিজিটাল মিডিয়া, পথ খোঁজার চিহ্ন এবং সর্বজনীন এলাকা উন্নয়নকে অন্তর্ভুক্ত করতে পোর্ট জার্ভিসের জন্য একটি স্থান নির্মাণ কর্মসূচি গড়ে তুলবে।

NY ফরোয়ার্ড
স্টেটের সফল ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের (DRI) উন্মাদনার উপর ভিত্তি করে গঠিত, 100 মিলিয়ন মার্কিন ডলারের NY ফরোয়ার্ড কর্মসূচিটি ক্ষুদ্রতর ও গ্রামীণ সম্প্রদায়সমূহের জন্য

আরো সমতার ডাউনটাউন পুনরুদ্ধারের সমর্থন করতে DRI এর মতো একই “পরিকল্পনা-তারপর-বাস্তবায়ন” কৌশল গ্রহণ করে। NY ফরোয়ার্ড বিনিয়োগসমূহ হলো মিড-হাডসন অঞ্চলের অর্থনীতির পুনরুজ্জীবন এবং আরো সুযোগ তৈরির জন্য গভর্নরের চলমান প্রয়াসের একটি অংশ।

NY ফরোয়ার্ড কর্মসূচির রাউন্ড 1 এর মাধ্যমে প্রথম মিড-হাদসন কমিউনিটি হিসেবে দ্যা টাউন অফ কর্নওয়াল এবং ভিলেজ অফ কর্নওয়াল-অন হাডসন (কর্নওয়াল) তহবিল লাভ করবে।

কর্নওয়াল NY ফরোয়ার্ড দ্বারা অর্থায়ন করা প্রকল্পগুলো শহরতলী এবং গ্রামের সক্রিয় ডাউনটাউনের বাণিজ্যিক ডিস্ট্রিক্টগুলোর ওপর নির্ভর করে গড়ে উঠবে, যা অনন্য সাংস্কৃতিক আকর্ষণগুলোকে, ঐতিহাসিক স্থান, প্রাকৃতিক এবং সুদৃশ্য সম্পদ, পরিবার-বান্ধব সুযোগ-সুবিধা এবং বিনোদনের সুযোগগুলোকে অনায়াসে সংমিশ্রণ করবে সেইসাথে যে প্রাকৃতিক এবং ঐতিহাসিক সম্পদগুলো হাডসন ভ্যালির সৌন্দর্যকে হাইলাইট করে সেগুলো সংরক্ষণ করবে এবং ডাউনটাউন, হাডসন নদী এবং আঞ্চলিক আকর্ষণীয় স্থানগুলোর মধ্যে সংযোগ স্থাপন করবে।।

<u>মোট 4.5 মিলিয়ন মার্কিন ডলারের 7টি কর্নওয়াল NY ফরোয়ার্ড প্রকল্পের মধ্যে রয়েছে::</u>

একটি পলিন্যাটর কানেক্টর ট্রেলের মাধ্যমে কর্নওয়ালের ডাউনটাউনগুলোকে সংযুক্ত করা: 1,133,000 মার্কিন ডলার
শহরতলী এবং গ্রামের ডাউনটাউন উভয়ের মধ্যে দিয়ে মন্টিফিয়রো স্ট্রিট লিউক'স কর্নওয়ালে মেডিকেল গ্রুপ থেকে একটি সম্পূর্ণ অ্যাক্সেসযোগ্য, অংশগ্রহণমূলক এবং নিরাপদ পথচারী সংযোগের বন্দোবস্ত করতে রাস্তার পাশের হাঁটার জায়গা এবং ক্রশওয়াক এবং সর্বজনীন আর্ট, ইউনিফর্ম স্ট্রিট ফার্নিচার, একটি সর্বজনীন বিশ্রামাগার, রাস্তার গাছ এবং পলিনেটর রোপণ উন্নত করা।

2 আইডেলওয়াইল্ড অ্যাভিনিউতে ঐতিহাসিক স্ট্রম কিং থিয়েটারকে একটি বহুমুখী থিয়েটার স্পেসে সংস্কার করা: 773,000 মার্কিন ডলার
একটি কমিউনিটি-কেন্দ্রীক জায়গা এবং একটি আলাদা লাউঞ্জ এবং ডিনার থিয়েটার যাকে একটি বিদ্যমান রেস্তোরাঁর সাথে একত্রিত করে দুটি আলাদা অভ্যন্তরিণ জায়গাকে একটি ব্ল্যাক বক্স থিয়েটারে পরিণত করার দ্বারা ঐতিহাসিক স্ট্রম কিং থিয়েটার বিল্ডিংকে উন্নত করে তোলা।

রিভারলাইট পার্ককে একটি পূর্নাঙ্গ সর্বজনীন পার্কে রূপান্তরিত করা: 783,000 মার্কিন ডলার
গল্পে যেমন থাকে সেরকম একটি গোলাকার পুকুরের চারপাশে হাঁটার পথ সহ একটি ADA-অনুবর্তী হাঁটার পথ, ADA-অনুবর্তী বিশ্রামাগার, একটি পূর্ণাঙ্গ খেলার মাঠ এবং একটি নতুন স্কেট পার্কের মতো নতুন বৈশিষ্ট্যগুলো দিয়ে রিভারলাইট পার্ককে উন্নত করা। অন্যান্য প্রকল্পের উপকরণের মধ্যে রয়েছে রেইন গার্ডেন সহ উন্নত ড্রেনেজ, একটি সর্বজনীন প্যাভিলিয়ন হিসেবে ব্যবহার করার জন্য আইসহাউজটির সংস্কার এবং স্যান্ডস রিং হোমস্টেড মিউজিয়ামের (Sands Ring Homestead Museum) সংস্কার।

অনুষ্ঠান আয়োজন এবং কার্যকলাপ বাড়ানোর জন্য ডোনাহু ফার্মে ঐতিহাসিক কাঠামোগুলো সংরক্ষণ: 649,000 মার্কিন ডলার
ডোনাহু ফার্মের শস্যাগারে বহিরাবয়ব সংরক্ষণ এবং সর্বজনীন অনুষ্ঠান আয়োজনের বন্দোবস্ত করতে আইসহাউজ সংস্কার। অতিরিক্ত উন্নয়নগুলোর মধ্যে রয়েছে সাইটটির সর্বজনীন ব্যবহারের সুবিধা দিতে নতুন বিশ্রামাগার এবং একটি ভিজিটর কিওস্ক নির্মাণ।

ডোনাহুর ফার্ম এবং ডাউনটাউনকে জলাভূমির সাথে সংযুক্ত করতে ডক হিল রোড বরাবর একটি ট্রেল নির্মাণ: 480,000 মার্কিন ডলার
পথচারীদের জন্য ডাউনটাউন, ডোনাহু ফার্ম এবং জলাভূমির মধ্যে একটি নিরাপদ সংযোগের জন্য, 900 লিনিয়ার ফুট সহ বিদ্যমান ট্রেইলটি উন্নত করা সহ একটি 2,500 লিনিয়ার ফুট ট্রেইল নির্মাণ। প্রকল্পের মধ্যে রয়েছে নতুন সাইডওয়াক, ক্রাশড স্টোন পাথওয়ে এবং ড্রেনেজ উন্নয়ন।

স্থানীয় ব্যবসাগুলোকে সহায়তা করার জন্য একটি ছোটো প্রকল্প তহবিল গঠন: 300,000 মার্কিন ডলার
ডাউনটাউন কর্নওয়ালের অর্থনৈতিক গুরুত্ব আরো বাড়িয়ে তুলতে ব্যবসায়িক কমিউনিটিকে সংস্থান প্রদান করতে একটি ছোটো প্রকল্প তহবিল গড়ে তোলা। প্রকল্পগুলো, সম্মুখভাগ উন্নয়ন, অভ্যন্তরভাগ উন্নয়নগুলোকে অন্তর্ভুক্ত করতে পারে যা ব্যবসার সম্প্রসারণ এবং অন্যান্য মূলধনী উন্নয়ন প্রকল্পগুলোকে সহায়তা করবে।

একটি ব্র্যান্ডিং, মার্কেটিং ও ওয়েফাইন্ডিং উদ্যোগ প্রতিষ্ঠা করা: 382,000 মার্কিন ডলার
ডাউনটাউন কর্নওয়ালের দৃশ্যমানতা বাড়ানো এবং কর্নওয়ালের ব্র্যান্ড প্রতিষ্ঠা, একটি মার্কেতিং স্ট্র্যাটেজি গঠন এবং পথ খোঁজার চিহ্ন ইনস্টল করে ডাউনটাউন কর্নওয়ালে নতুন আবাসিক, ব্যবসা এবং ভিজিটরদের আকর্ষিত করা।

প্রকল্পগুলোর অর্থায়ন করবে স্লিপি হলোর NY ফরোয়ার্ড যা একটি প্রাণবন্ত, অভ্যর্থনামূলক এবং সহজে অ্যাক্সেসযোগ্য কমিউনিটির উন্নতিসাধান করবে যারা এর সাংস্কৃতিক বৈচিত্র পালন করে এবং বিভিন্ন ধরনের আবাসনের প্রয়োজনীয়তার সমাধান করে, অংশগ্রহণমূলক অর্থনৈতিক উন্নয়নলে প্রতিপালন করে এবং গ্রামের উন্মুক্ত স্থানের প্রাকৃতিক সৌন্দর্যকে তুলে ধরে, ডাউনটাউন এবং পার্শ্ববর্তী অঞ্চলগুলোকে সংযুক্ত করে দীর্ঘস্থায়ী বসবাসের একটি মডেলের প্রস্তাব করে।

<u>মোট 4.5 মিলিয়ন মার্কিন ডলারের 5টি স্লিপি হলো NY ফরোয়ার্ড প্রকল্পের মধ্যে রয়েছে::</u>

স্ট্র্যান্ড থিয়েটারকে একটি কমিউনিটি কলা এবং সংস্কৃতি কেন্দ্রে রূপান্তরিত করা: 1,500,000 মার্কিন ডলার
বিভিন্ন ধরনের পারফরম্যান্স এবং শিল্পীদের তুলে ধরতে স্ট্র্যান্ড থিয়েটারকে একটি বহুমুখী মিলনস্থলে সংস্কার করা। থিয়েটারটিতে স্থানীয় শিল্পী বা আর্টস গ্রুপের জন্য স্টুডিও স্পেস, একটি গ্যালারি এবং ভবিষ্যৎ স্লিপি হলো ভিজিটর সেন্টার থাকবে।

“প্লাজা নুয়েভা (Plaza Nueva)” তৈরি করা এবং মোর্স স্কুলে পার্কটি পুনরায় ডিজাইন করা: 1,000,000 মার্কিন ডলার
একটি গন্তব্য এবং কমিউনিটির জন্য খেলার নতুন সরঞ্জাম এবং নতুন বসার জায়গা সহ, একটি মূল্যবান সম্পদ তৈরি করতে মোর্স স্কুলে পার্কটি সংস্কার করা।

কর্টল্যান্ড স্ট্রিট বরাবর স্ট্রিটস্কেপিং উন্নত করা: 1,200,000 মার্কিন ডলার
নতুন সাইডওয়াক এবং ক্রশওয়াক, ড্রেনেজ উন্নয়ন, গাছপালা, আলোকিতকরণ, নতুন স্ট্রিট আসবাবপত্র এবং চারটি ইভি চার্জিং স্টেশন দিয়ে কর্টল্যান্ড বরাবর স্ট্রিটস্কেপ পুনরুদ্ধার।

100 কলেজ অ্যাভিনিউতে সাশ্রয়ী মূল্যের হাউজিং নির্মাণ: 500,000 মার্কিন ডলার
100 কলেজ অ্যাভিনিউতে অব্যবহৃত প্রপার্টিতে একটি ট্রানজিট-কেন্দ্রীক মিশ্র-ব্যবহারের সাশ্রয়ী মূল্যের হাউজিং ডেভেলপমেন্ট গড়ে তোলা।

একটি বহিরাবয়ব উন্নয়ন তহবিল তৈরি: 300,000 মার্কিন ডলার
একটি বহিরাবয়ব উন্নয়ন তহবিল স্থাপন করা যা ব্যবসা এবং প্রপার্টির মালিকদের ডাউনটাউন স্লিপি হলো ফ্যাকেড রিনোভেশন ডিজাইন স্ট্যান্ডার্ড (Downtown Sleepy Hollow Façade Renovation Design Standards) অনুযায়ী তাদের বিল্ডিং এর বহিরাবয়ব উন্নত করতে সক্ষম করবে।

নিউ ইয়র্ক স্টেটের ভারপ্রাপ্ত সচিব ব্রেন্ডন সি হিউজ বলেন, “স্টেটের ডাউনটাউন রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভ এবং NY ফরোয়ার্ড কর্মসূচি পুরো স্টেট জুড়ে কমিউনিটিগুলোতে নতুন করে প্রাণ ফিরে পাচ্ছে। এই কর্মসূচিতগুলোর মাধ্যমে, পোর্ট জার্ভিস, স্লিপ হলো এবং কর্নওয়েল, সকলেই রূপান্তরমূলক কর্মসূচির একটি গুচ্ছ শনাক্ত করেছে যা আবাসিকদের জন্য আরো বিনোদনমূলক, আবাসন এবং ব্যবসার সুযোগ তৈরি করতে তাদের কমিউনিটিগুলোর প্রাকৃতিক সৌন্দর্য এবং বিদ্যমান ঐতিহাসিক সম্পদের ওপর ভিত্তি করে গঠিত। এই কমিউনিটিগুলোকে তাদের স্বপ্ন বাস্তবে পরিণত করতে তাদের সাথে কাজ করতে আমরা উন্মুখ।”

নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal, HCR) কমিশনার রূথ অ্যান ভিসনাউকাস বলেন, “পোর্ট জার্ভিস, কর্নওয়েল, কর্নওয়েল-অন-হাডসন এবং স্লিপি হলোতে এই বিনিয়োগগুলো দেখায় যে নিউ ইয়র্ক কমিউনিটিগুলো নির্মানের জন্য প্রতিশ্রুতিবদ্ধ যাতে পরিবারবর্গ টিকে থাকতে পারে। এই 19 মিলিয়ন মার্কিন ডলার তহবিল আবাসনের সুযোগ বাড়াবে, অর্থনৈতিক প্রবৃদ্ধিকে উদ্বুদ্ধ করবে, বিনোদন উন্নত করবে এবং আজকের এবং ভবিষ্যতের পরিবারবর্গের জন্য মিড-হাডসন এবং দিলাওয়ারে রিভার ভ্যালি অঞ্চলকে আরো আকর্ষণীয় করে তুলবে। গভর্নর হোকল এবং সরকারে থাকা আমাদের অংশীদারদের ধন্যবাদ, ডাউনটাউন রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভ এবং NY ফরোয়ার্ড, সমস্ত নিউ ইয়র্কবাসীর জন্য একটি পার্থক্য গড়ে তুলছে।”

স্টেট সেনেটর জেমস স্কাউফিস বলেন, “সম্পূর্ণ হওয়া DRI এবং NY ফরোয়ার্ড প্রকল্পগুলো, এই প্রাণবন্ত, ঐতিহাসিক জায়গাগুলর আগে থেকে যা অফার করার আছে তার ওপর ভিত্তি করে গড়ে উঠবে এবং তাদেরকে দীর্ঘমেয়াদে আরো অ্যাক্সেসযোগ্য, দীর্ঘস্থায়ী এবং অর্থনৈতিকভাবে

শক্তিশালী করে তুলবে। পোর্ট জার্ভিস, কর্নওয়েল এবং কর্নওয়েল-অন-হাডসনের জন্য এই উদ্যোগগুলোর পরিকল্পনায় কমিউনিটির অংশগ্রহণ একটি প্রাথমিক চালিকাশক্তি এবং সত্যিই সেই অংশগ্রহণ দেখার মতো, অর্থনৈতিক উন্নয়ন এই কমিউনিটিগুলোর জন্য একটি আমূল পরিবর্তন নিয়ে আসবে। এই গুরুত্বপূর্ণ প্রচেষ্টায় অংশীদারীত্বের জন্য আমি গভর্নরকে ধন্যবাদ জানাই।"

অ্যাসেম্বলি সদস্য ক্রিস্টোফার ডাব্লু. ইয়াখাস বলেন, "কর্নওয়েল হল একটি প্রাণবন্ত এবং উন্নয়নশীল ডাউনটাউন ডিস্ট্রিক্ট যুক্ত টাউন। এখন, স্টেটের থেকে বিনিয়োগের জন্য ধন্যবাদ, টাউনটির তার অনন্য সাংস্কৃতিক সুযোগ-সুবিধার সাথে হাডসনের প্রাকৃতিক সৌন্দর্যের যোগসূত্র স্থাপনের সুযোগ আছে। NY ফরোয়ার্ড প্রোগ্রামের প্রথম রাউন্ডটি কর্নওয়েল এবং ভিলেজ অফ কর্নওয়েল-অন-হাডসনের পার্ক, পরিকাঠামো এবং ছোটো ব্যবসাগুলোতে ঢেলে বিনিয়োগ করবে। আবাসিক এবং ভিজিটর উভয়েরই একটি পুনরুজ্জীবিত কর্নওয়েলের থেকে সবচেয়ে বেশি পাওয়ার একটি সুযোগ থাকবে - তা সে সংস্কার করা স্ট্রম কিং থিয়েটার, একটি নতুন সর্বজনীন পার্ক, বা টাউন এবং ভিলেজ ডাউনটাউনকে সংযুক্ত করা পলিনেটর ট্রেইল যাই হোক না কেন। এই গুরুত্বপূর্ন বিনিয়োগের জন্য লড়াই করার জন্য আমি গর্বিত এবং সবার আগে এসে আমাদের অনন্য সৌন্দর্য দেখার জন্য আমি সকলকে হাডসন ভ্যালি ভিজিট করার আমন্ত্রণ জানাই।"

অ্যাসেম্বলি সদস্য কার্ল ব্রাবেনেক বলেন, "নতুন বিনিয়োগ প্রকল্পগুলোর অনুমোদন এবং পরবর্তী সময়ে সেগুলো আমাদের আবাসিক অঞ্চলগুলোর জন্য একটি সম্পূর্ণ পুনরুজ্জীবনের সেট ইফার করার জন্য প্রস্তুত এবং যে কাজ করা হবে তা শুনে আমার থেকে বেশি আনন্দিত আর কেউ হবেন না। পুনরুজ্জীবিত রাস্তা এবং স্টোরফ্রন্ট থেকে জলাভূমি এবং ঐতিহাসিক স্থান সংরক্ষণ, আমরা একটি রূপান্তর দেখার জন্য প্রস্তুত যা আগামী প্রজন্ম উপভোগ করবে। গভর্নরের অফিসের সাথে অংশীদারীত্বে, আমি হাডসন ভ্যালির কমিউনিটিগুলোকে অভিনন্দন জানাতে চাই এবং এই প্রকলগুলো শেষ হওয়ার দিকে আমি অধীর আগ্রহে তাকিয়ে থাকব!"

কর্নওয়েল টাউন সুপারিভাইজার জোশ ওজেহোস্কি বলেন, "আমাদের কমিউনিটি এই রূপান্তরমূলক প্রকল্পগুলোর সাথে এগিয়ে যাওয়ার জন্য রোমাঞ্চিত যা টাউন অফ কর্নওয়েল এবং ভিলেজ অফ কর্নওয়েল-অন-হাডসনকে উভয় ডাউনটাউন এলাকার সাথে আরো ভালো সংযোগ করার এর যে দর্শন তা পূরণ করতে, আমাদের প্রাকৃতিক সৌন্দর্যের সুযোগ নিতে, বহিরাঙ্গনে বিনোদনমূলক সুযোগ এবং স্ট্রম কিং আর্ট সেন্টার, ওয়েষ্ট পয়েন্ট মিলিটারি এ্যাকাডেমি এবং ব্ল্যাক রক ফরেস্টের মতো মুখ্য পর্যটন সম্পদকে আমাদের স্থানীয় অর্থনীতি উন্নত করতে এবং উভয় ডাউনটাউন অঞ্চলের প্রাণবন্ততা বাড়াবে। NY ফরোয়ার্ড অনুদান প্রক্রিয়ার রাউন্ড 1-এ আমাদের নির্বাচন করার জন্য এবং ভবিষ্যতের জন্য আমাদের পরিকল্পনায় আস্থা রাখার জন্য আমি গভর্নর হোকল এবং তার টিমকে ধন্যবাদ জানাতে চাই। লোকাল প্ল্যানিং কমিটি এবং কনসালটেন্টরা 2023 সালে কঠোর পরিশ্রম করেছেন এবং তার সুফল দিয়ে আমরা শেষ করেছি।"

DRI এবং NY ফরোয়ার্ড সম্প্রদায়সমূহ কৌশলী বাস্তবায়ন পরিকল্পনা (Strategic Implementation Plans, SIPs) তৈরি করেছে, এতে তাদের ডাউনটাউনের ভবিষ্যতের জন্য একটি স্পষ্ট ভিশন তৈরি করা হয় এবং সেই ভিশনকে সমর্থন করবে এমন সম্পূরক,

রূপান্তরমূলক এবং বাস্তবায়নযোগ্য একাধিক প্রকল্পকে সনাক্ত ও সুপারিশ করে থাকে। একজন নির্ধারিত কনসালটেন্ট এবং DOS কর্মীর সহায়তা নিয়ে, স্থানীয় ও আঞ্চলিক নেতৃবৃন্দ, স্টেকহোল্ডার, এবং সম্প্রদায়ের প্রতিনিধিদের নিয়ে গঠিত একটি স্থানীয় পরিকল্পনা কমিটি (Local Planning Committee, LPC) কর্তৃক SIP নির্দেশিত হয়, এদের সকলেই প্রকল্প নির্ণয়ের সময় বিস্তৃত সম্প্রদায়ের আউটরিচ এবং জড়িতকরণ সম্পাদন করে থাকে।

ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ এবং NY ফরোয়ার্ড সম্পর্কে

ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ এবং NY ফরোয়ার্ড হলো স্টেটের অর্থনৈতিক বিকাশ নীতিমালার ভিত্তিপ্রস্তর। স্টেটের দশটি অঞ্চলের প্রতিটিতে ডাউনটাউনগুলি যাতে কর্মকাণ্ডের কেন্দ্র হিসেবে এবং বিনিয়োগের অনুঘটক হিসেবে কাজ করতে পারে তার জন্য ডাউনটাউনের পুনরুজ্জীবনকে ত্বরান্বিত ও সম্প্রসারিত করতে 2016 সালে ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ তৈরি করা হয়। আকার, চরিত্র, প্রয়োজন ও সমস্যা নির্বিশেষে সকল কমিউনিটি যাতে স্টেটের পুনরুজ্জীবন প্রয়াস দ্বারা লাভবান হতে পারে তার জন্য পুরো স্টেটের ক্ষুদ্রতর ও গ্রামীণ ডাউনটাউনসমূহকে পুনরুজ্জীবিত করতে 2022 সালে NY ফরোয়ার্ড তৈরি করা হয়। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট—হোম এবং কমিউনিটি রিনিউয়াল এবং নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের সহায়তা নিয়ে ডিপার্টমেন্ট অফ স্টেটের নেতৃত্বে DRI এবং NY ফরোয়ার্ড একটি অভূতপূর্ব এবং উদ্ভাবনী "পরিকল্পনা-তারপর-বাস্তবায়ন" কৌশলের প্রতিনিধিত্ব করে যা কৌশলী পরিকল্পনা ও অবিলম্বে বাস্তবায়নকে জোটবদ্ধ করে। উভয় কর্মসূচি প্রত্যেক অঞ্চলে প্রাণবন্ত ডাউনটাউনের অতি গুরুত্বপূর্ণ সম্ভার তৈরি করছে যা অর্থনৈতিক বিকাশকে অগ্রসর করছে, জীবনযাত্রার মানের প্রচার করছে, আর্থসামাজিক বিকাশের পালন করছে এবং স্টেটের সাহসী জলবায়ু লক্ষ্য অর্জন করছে।

DRI এর প্রথম সাতটি রাউন্ডে স্টেট 800 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করার প্রতিশ্রুতি দিয়েছে, পুনর্গঠন, ব্যবসা, কর্মসংস্থান সৃষ্টি, বৃহত্তর অর্থনৈতিক এবং আবাসিক বৈচিত্র্য ও সুযোগের চুম্বক হয়ে উঠার সম্ভাবনা রয়েছে এমন পুনরুজ্জীবনের জন্য তৈরি 81টি ডাউনটাউনে বিনিয়োগ করেছে।NY ফরোয়ার্ডের প্রথম দুই রাউন্ডে, স্টেট 200 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করার প্রতিশ্রুতি দিয়েছে, 43টি ক্ষুদ্রতর ও গ্রামীণ ডাউনটাউনে বিনিয়োগ করেছে।

ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ এবং NY ফরোয়ার্ড উভয়ের জন্য অতিরিক্ত 100 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করার গভর্নরের প্রতিশ্রুতির পর স্টেট এখন কর্মসূচি দুইটির সূচনার পর থেকে মোট 1.2 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে, যা সম্মিলিতভাবে 124টি ডাউনটাউন সম্প্রদায়কে অর্থ প্রদান করেছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন